

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৩৭

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع) পরিচ্ছেদঃ ৫৯. কুড়িয়ে পাওয়া বস্তু সম্পর্কে

باب فِي اللَّقَطَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ الْوَلِيدِ بْنِ كَثِيرٍ قَالَ حَدَّثَنِي عَمْرُو بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ الْوَلِيدِ بْنِ رَبِيعَةَ التَّقَفِيّ أَنَّ سُفْيَانَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ رَبِيعَةَ التَّقَفِيّ أَنَّ سُفْيَانَ بْنَ عَبْدِ اللَّهِ وَجَدَ عَيْبَةً فَأَتَى بِهَا عُمَرَ بْنَ الْخَطَّابِ فَقَالَ عَرِّفْهَا سَنَةً فَإِنْ عُرِفَتْ فَذَاكَ وَإِلَّا فَهِيَ اللَّهِ وَجَدَ عَيْبَةً فَأَتَى بِهَا غُمَرَ بْنَ الْخَطَّابِ فَقَالَ عَرِّفْهَا سَنَةً فَإِنْ عُرِفَتْ فَذَاكَ وَإِلَّا فَهِيَ الْكَ فَلْمُ تُعْرَفُ فَلَا عُمَرُ هِيَ لَكَ فَإِنَّ لَكَ فَلَمْ تُعْرَفُ فَلَقِيَهُ بِهَا فِي الْعَامِ الْمُقْبِلِ فِي الْمَوْسِمِ فَذَكَرَهَا لَهُ فَقَالَ عُمَرُ هِي لَكَ فَإِنَّ لَكَ فَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَنَا بِذَلِكَ قَالَ لَا حَاجَةَ لِي بِهَا فَقَبَضَهَا عُمَرُ فَجَعَلَهَا وَي بَيْتِ الْمَالِ

বাংলা

২৬৩৭. সুফিয়ান ইবনু আব্দুল্লাহ ইবনু রবীয়াহ আস সাকাফী রাদ্বিয়াল্লাছ আনহু এর দু'পুত্র আমর ও আসিম থেকে বর্ণিত যে, সুফিয়ান ইবনু আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাছ আনহু একটি চামড়ার ব্যাগ পেলেন এবং তা নিয়ে উমার ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লাছ আনহু এর নিকট আসলেন। তখন তিনি বললেন, তুমি এক বছর যাবত এটি (লোকদেরকে) অবহিত করতে থাকো। এরপর যদি তা কেউ (তার নিজের বলে) চিনে নেয়, তবে তো হলোই। তা না হলে সেটি তোমার। কিন্তু তা (কার তা) জানা না যাওয়ায় তিনি পরের বছরও তা নিয়ে হাজ্জের সময়ে তার সাথে সাক্ষাৎ করে বিষয়টি তার নিকট বর্ণনা করলেন। তখন উমার রাদ্বিয়াল্লাছ আনহু বললেন: এটি তুমি নিয়ে যাও। কেননা, এর নির্দেশ দিয়েছেন স্বয়ং রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম। তিনি বললেন, আমার এর কোনো প্রয়োজন নেই। তখন উমার রাদ্বিয়াল্লাছ আনহু তা নিয়ে বায়তুল মালে জমা দিলেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: তাহাবী, শারহু মা'আনিল আছার ৪/১৩৭, ১৩৮; ; মুশকিলিল আছার নং ৪৬৯৫, ৪৬৯৬; নাসাঈ, আল



কুবরা ৫৮১৮বাইহাকী, লুকাতাহ ৬/১৮৭।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন